

ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০২১
সভার সময়	বিকাল ৩.০০ মিনিট
স্থান	শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর ইনোভেশন টিমের সদস্য সচিব ও ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ জোবায়ের, প্রোগ্রামার-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। ১.১ কার্যক্রমে উল্লেখিত ১৬.০৩.২০২২ তারিখের মধ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, ১.২ কার্যক্রমে উল্লেখিত ২৫.০২.২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ এবং ১.৩ কার্যক্রমে উল্লেখিত ৩০.১২.২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজেশনের কার্যক্রম রয়েছে। তিনি আরো জানান যে, ১.১ এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল্যায়ন ভিত্তিক এম.পি.ও. কার্যক্রম অব্যাহত রাখা" কার্যক্রমটি গ্রহণ করা যেতে পারে। এছাড়া ১.২ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে "সনদ সত্যায়ন সহজিকরণ" এবং "জাতীয় সংসদ অধিবেশনে চাহিত প্রশ্নের উত্তর সহজিকরণ এর মাধ্যমে সংগ্রহ" কার্যক্রমটি গ্রহণ করা যেতে পারে। ইতোমধ্যে ১.৩ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১ অনুসারে "নতুন শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির জন্য আবেদন" এবং "মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত সম্পর্কিত তথ্য (পিডিএস)" কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। "নতুন শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির জন্য আবেদন" এর অফিস আদেশ ইতোমধ্যে জারি করা হয়েছে এবং "মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত সম্পর্কিত তথ্য (পিআইএমএস)" এর অফিস আদেশ জারি প্রক্রিয়াধীন রয়েছে।

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আরো জানান যে, কর্মপরিকল্পনার ১.৬ কার্যক্রম ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ২টি অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হয়েছে। এছাড়া ২.২.১ কার্যক্রম কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করা হবে।

(গ) সভাপতি ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি জানান যে, ২০২১-২০২২ অর্থবছর হতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এপিএ'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। তাই এপিএ'তে ভালো করতে হলে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়ন এবং তথ্য প্রদান অত্যন্ত জরুরী। তিনি ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লিখিত একটি উদ্ভাবনী উদ্যোগ, একটি সেবা সহজিকরণ ও কর্মশালা/প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

পরবর্তীতে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১ ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকৃত এবং ১৬ মার্চ ২০২২ তারিখের পূর্বেই একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করে অফিস আদেশ জারি করতে হবে;

৩.২ ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে ডিজিটাইজকৃত সেবাটির অফিস আদেশ জারি করতে হবে;

৩.৩ ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অবশিষ্ট ২টি প্রশিক্ষণ এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবশিষ্ট ২টি অবহিতকরণ সভা/কর্মশালা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে;

৩.৪ তথ্য বাতায়নে সকল সেবা বন্ধ হালনাগাদ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১.৩১১

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬) উপসচিব, বেসরকারি মাধ্যমিক-৩ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



মোহাম্মদ জোবায়ের
প্রোগ্রামার